



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”



প্রেস রিলিজ

তারিখ : ১৫ ডিসেম্বর, ২০২২

বাউবি'তে জুম ওয়েবিনার “তোমাদের এই ঋণ কোনো দিন শোধ হবে না”

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে মহান শহিদ বুদ্ধিজীবী দিবসে সকল শহিদদের প্রতি বিনম্র শ্রদ্ধা জানাতে বাউবি বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরামের উদ্যোগে “তোমাদের এই ঋণ কোনো দিন শোধ হবে না” শীর্ষক জুম ওয়েবিনার ১৪ ডিসেম্বর বুধবার সন্ধ্যা ৭:০০টায় অনুষ্ঠিত হয়। আলোচক হিসেবে শিক্ষাবিদ, লেখক ও সাবেক সংসদ সদস্য অধ্যাপক পান্না কায়সার এবং প্রজন্ম ৭১ এর সভাপতি আসিফ মুনির তন্ময় অংশ নেন।

জুম ওয়েবিনারে সংযুক্ত হয়ে অধ্যাপক পান্না কায়সার তাঁর স্বামী শহিদ বুদ্ধিজীবী সাংবাদিক শহীদুল্লাহ কায়সার, মুক্তিযুদ্ধ এবং বুদ্ধিজীবীদের নিয়ে তাঁর দীর্ঘ স্মৃতি রোমন্থনে বলেন আজ আনন্দ বেদনায় একাকার আমাদের বাংলাদেশ। তিনি রাজাকারদের পূর্ণাঙ্গ তালিকা তৈরির দাবী জানান। প্রজন্ম ৭১ কে আলোকিত যাত্রায় অগ্রসর হওয়ার তাগিদ দেন। সোনার বাংলা বাস্তবায়নের জন্য ঘরে ঘরে আমাদের সোনার মানুষ হতে হবে তবেই সোনার বাংলার ঘরে ঘরে একদিন আলো জ্বলবে।

প্রজন্ম ৭১ এর সভাপতি আসিফ মুনির তন্ময় বলেন শুধু ১৪ ডিসেম্বরের বুদ্ধিজীবী নয় সকল শহিদ বুদ্ধিজীবীদের সর্বদা স্মরণ রাখা প্রয়োজন। তিনি শহিদ বুদ্ধিজীবীসহ অন্যান্য বুদ্ধিজীবীদের ধ্যান ধারণা ও সৃষ্টিশীল কাজ নিয়ে গবেষণা, পাঠ্যপুস্তকে তাদের নাম অর্ন্তভুক্ত ও প্রাতিষ্ঠানিকীকরণ এবং তাদের ডায়েরি ও অপ্রকাশিত লেখা প্রকাশের দাবী জানান। এতে বর্তমান ও নতুন প্রজন্মের মাঝে মেলবন্ধন তৈরি হবে। শিক্ষা প্রতিষ্ঠানে গবেষণার মাধ্যমে মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন সম্ভব। বুদ্ধিজীবীদের কথা শুধু দিবসের মধ্যে সীমাবদ্ধ না রেখে বছর ব্যাপী নানা কার্যক্রমে তাদের স্মরণ করার কথা উল্লেখ করেন।



অনুষ্ঠানের প্রধান অতিথি বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার যুক্তরাষ্ট্র থেকে ভার্চুয়ালি সংযুক্ত হয়ে তাঁর সংক্ষিপ্ত বক্তৃতায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, সকল বীর মুক্তিযোদ্ধা ও শহিদদের প্রতি এবং ১৫ আগস্টে নিহতদের স্মরণে গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন।

তিনি বলেন, বাঙালি জাতিকে মেরুদণ্ডহীন করার জন্যই পরিকল্পিত ভাবে বুদ্ধিজীবীদের হত্যা করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস প্রতিষ্ঠা করেছেন। এই ইতিহাস যাতে সকলের মাঝে অন্তর্নিহিত থাকে এবং আমাদের প্রজন্ম যাতে বাঙালি জাতীয়তাবাদ ও মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস জানতে পারে সেভাবে সকলকে কাজ করার আহ্বান জানান উপাচার্য।

বিশেষ অতিথি হিসেবে জুম আলোচনায় বক্তব্য রাখেন উপাচার্য (রুটিন দায়িত্ব) ও প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল ও রেজিস্ট্রার ড. মহাঃ শফিকুল আলম। জুম ওয়েবিনারে সভাপতিত্ব করেন বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরামের সভাপতি অধ্যাপক মো: আনোয়ারুল ইসলাম। তিনি বলেন মুক্তিযুদ্ধে শহিদদের স্বজনদের হৃদয়ের রক্তক্ষরণ এখনও চলছে, যা কিছুটা লাঘব হবে যদি বাংলাদেশকে মুক্তিযুদ্ধের আদর্শে গড়ে তোলা যায়।

ওয়েবিনারে বাউবি'র শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীগণ, শিক্ষক সমিতি, বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরাম, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীগণ, স্টাডি সেন্টারের সমন্বয়কারী ও টিউটরগণ সংযুক্ত ছিলেন। জুম আলোচনা অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরামের সাধারণ সম্পাদক মেহেরীন মুনজারীন রত্না।

(ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)